

জাতীয় সেমিনারে আইসিটি প্রতিমন্ত্রী
নবায়নযোগ্য শক্তির ব্যবহার বাড়িয়ে
বিদ্যুৎ সংকট মোকাবেলা করতে হবে

বাংলাদেশ সৌরশক্তি সমিতির সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় নবায়নযোগ্য শক্তি গবেষণা কেন্দ্রের উদ্যোগে “The Role of Renewable Energy to Address the Ongoing Energy Crisis of Bangladesh” শীর্ষক $\$m\backslash g b v i$ আজ ৩ এপ্রিল ২০১০ শনিবার সেন্টার অব এক্সিলেন্স ভবনে অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ সৌরশক্তি সমিতির সভাপতি অধ্যাপক মুহাম্মদ ইব্রাহীমের সভাপতিত্বে সেমিনারে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এছাড়া, অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. শাহিদা রফিক, বিশিষ্ট বিজ্ঞানী অধ্যাপক মুহতাম্ম হোসেন, বাংলাদেশ সৌরশক্তি সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক সাইফুল হক, নবায়নযোগ্য শক্তি গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক রেজাউল করিম মজুমদার প্রমুখ বক্তব্য রাখেন।

স্থপতি ইয়াফেস ওসমান বিদ্যুৎ সংকট মোকাবেলায় নবায়নযোগ্য শক্তির ব্যবহার বাড়ানোর উপর গুরুত্বারোপ করে বলেন, ছোট ছোট প্ল্যান্ট তৈরি করে ঘরে ঘরে নবায়নযোগ্য শক্তি ব্যবহার করা গেলে একদিকে যেমন বিদ্যুতের চাহিদা মেটানো সম্ভব হবে, অন্যদিকে প্রাকৃতিক গ্যাসের সাশ্রয় ও বায়ুদূষণ রোধ করা যাবে। তিনি সাধারণ মানুষকে সামনে রেখে বিদ্যুৎ সমস্যার সমাধানের পথ খুঁজে বের করার জন্য বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, জাতি বিজ্ঞানীদের দিকে তাকিয়ে আছে। তাদের নতুন টেকনোলজি আবিষ্কার করতে হবে এবং পুরাতন টেকনোলজির আধুনিকায়ন করতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বাংলাদেশের প্রায় সব জায়গাতেই প্রতি বর্গমিটারে ৪.০ থেকে ৪.৫ কিলোওয়াট আওয়ার সৌরশক্তি পড়ছে। যা বাজারে প্রাপ্য সোলার প্যানেল দ্বারা দেশের বিদ্যুৎ চাহিদা মেটাতে সক্ষম। এছাড়া, দেশের সমুদ্র উপকূলবর্তী ২০০০ বর্গকিলোমিটারে রয়েছে প্রতি বর্গমিটারে ২০০ ওয়াটের বেশি বায়ু শক্তি। যা বিদ্যুৎ সমস্যা মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তিনি বলেন, সোলার ওয়াটার সিস্টেম, সোলার কুকার, গ্রীড কানেকটেড সোলার বায়ু সিস্টেম ও সৌরশক্তি চালিত পানির পাম্প আরও ব্যাপকভাবে চালু করা হলে দেশের জ্বালানী সংকট রোধ করা সম্ভব হবে। তিনি বলেন, এমনভাবে বাড়িঘর নির্মাণ করতে হবে, যাতে প্রাকৃতিক আলো-বাতাস ঘরে ঢুকতে পারে। তাহলে অন্ততঃ দিনের বেলায় বৈদ্যুতিক আলোর দরকার হবেনা।

সেমিনার শেষে মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবন চত্বরে ৩-দিনব্যাপী নবায়নযোগ্য শক্তির জাতীয় প্রদর্শনীর উদ্বোধন করা হয়।



বাংলাদেশ সৌরশক্তি সমিতির সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় নবায়নযোগ্য শক্তি গবেষণা কেন্দ্রের উদ্যোগে “The Role of Renewable Energy to Address the Ongoing Energy Crisis of Bangladesh” শীর্ষক $\$m\omega bvi$ আজ ৩ এপ্রিল ২০১০ শনিবার সেন্টার অব এন্সিলেস ভবনে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সৌরশক্তি সমিতির সভাপতি অধ্যাপক মুহাম্মদ ইব্রাহীমের সভাপতিত্বে সেমিনারে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।